# ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন

## রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এম.ফিল./পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২ বছর মেয়াদী এম.ফিল. ও ৩ বছর মেয়াদী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন পত্র আহবান করা হচ্ছে। অর্থ প্রাপ্তি সাপেক্ষে সীমিত সংখ্যক শিক্ষার্থীকে ফেলোশীপ প্রদান করা হবে।

**এম.ফিল. প্রোগ্রামে ভর্তির আবেদনের ক্ষেত্রে যোগ্যতাঃ**

১. (ক) প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।

(খ) ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০০ স্কেলে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

অর্থনীতি বিষয় থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০০ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

২. যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ১ ধারার উপধারা (ক) অথবা (খ) -এর স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাদের

(ক)পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(খ) স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে বিষয় ভিত্তিক ন্যূনতম ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে;

অথবা

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে/বাংলাদেশ ভিন্ন অন্য কোন দেশে শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকে;

(ঙ) ২ এর - উপ-ধারা (ক), (খ), (গ) ও (ঘ) বর্ণিত যোগ্যতাসম্পন্ন অর্থনীতি বিভাগ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম *অথবা* ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.২৫ এর কম থাকলে তিনি ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না। তবে এম.ফিল. ডিগ্রীপ্রাপ্ত হবার পর পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য নতুন গবেষণা শিরোনামে আবেদন করতে পারবেন।

**পিএইচ. ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনের ক্ষেত্রে যোগ্যতাঃ**

৩. (ক) প্রার্থীর অবশ্যই এম.ফিল./সমমান ডিগ্রি থাকতে হবে।

অথবা

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত দেশী এবং এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত বিদেশী প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(গ) প্রার্থীর যদি এম.ফিল. বিধির ১ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/যে কোনো সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ/আন্তর্জাতিক বৃত্তি/গবেষণা অনুদান অর্জন করে থাকেন, তাহলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(ঘ) এম.ফিল. বিধির ১ ধারার উপধারা (ক) ও (খ) এর ভর্তির যোগ্যতাসহ -

(১) বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(২) স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(৩) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে;

অথবা

(৪) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে শিক্ষা প্রতিষ্ঠান স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকলে এবং সেই সাথে কোনো স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

তবে ৩ ধারার উপধারা ঘ এর সকল ক্ষেত্রে বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

আবেদনকারী ইনস্টিটিউটের ওয়েব সাইট (www.iba-ru.ac.bd) থেকে ভর্তির প্রাথমিক আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক পরিচালক, ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, রাজশাহী বিশ্ববিদ্যালয়- এর অনুকূলে টাঃ ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সহ আগামী ২৯.০৮.২০২৪ ইং তারিখের মধ্যে (বিশ্ববিদ্যালয়ের ছুটি বাদে) আবেদন পত্র ইনস্টিটিউটে জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদন পত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবিসহ সকল পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং গবেষণা প্রস্তাব সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে এম.ফিল গবেষণার জন্য ১ (এক) বৎসর ও পি-এইচ.ডি গবেষণার জন্য ২(দুই) বৎসরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদন এবং আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর গবেষণার বিষয়বস্তু ও সুপারভাইজার ইনস্টিটিউটের বোর্ড অব স্টাডিজ কর্তৃক চূড়ান্ত করা হবে।

ব্যবসায় শিক্ষা বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে বাণিজ্য ও ইংরেজী এবং অর্থনীতি বিষয়ের শিক্ষার্থীদেরকে অর্থনীতি ও ইংরেজী বিষয়ে লিখিত পরীক্ষা দিতে হবে। পরীক্ষা হবে ইংরেজী ভাষায়। লিখিত পরীক্ষার তারিখ : সেপ্টেম্বর ০৭, ২০২৪ (শনিবার) সময়: সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত। লিখিত পরীক্ষা শেষে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্থান : আই.বি.এ ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

বিস্তারিত : ফোন - +৮৮ ০১৫৪০০৯৩৬৭৭

**প্রফেসর ড. জিন্নাত আরা বেগম**

পরিচালক